

পাখী সব করে রব

মাহমুদা রুণু

বলছে রাজার ঘড়ি টিক টিক টিক
সময়ের আয়নায় দেখা হবে ঠিক ।
সময়ের আয়নায় অভিনয় প্র্যাকটিস
এরই নাম রাজনীতি, যারে কয় পলিটিক্স ।
অভিনয় সবি নয়,
দ্রুতলয়ে সবিনয় -
নিবেদনে হোয়ে যায় বেসামাল
বিচারক মনিষীর বুদ্ধির জটাজাল ।

রাজনীতি ভাগ্যের মহাজয়
যদি হয় -
বঙ্গদেশের অঙ্গনীতি
খুনের দায়েও নেইকো ভীতি ।
দেশটা চলে উলটোরথে
তাইতো সবাই দেখছিবটে ।

সল্লাসী খুনী আর চাদাবাজেরা
তাইথে নাচে হেকে
পাল তোলা বজরা ।
হাঃ হাঃ হিঃ হিঃ
এ যে মহা স্বর্গ
অদৃশ্য শক্তির দানবীয় অর্ঘ্য ।

ভয় পেয়োনা এইযে মানুষ
ভয়ের কি আর আছে?
বিপ্লবের বিভিষিকার
রাতটা বাকী আছে ।
সবুর করো মেওয়াটাতে
পাক ধরেছে বলে
সিংহাসনের সিংহটাকে
হাত করেছি ছলে ।
ওহে মানুষ, হেই বোকারাম
আদর্শ তোর কোথা ?
মিউজিয়ামের লোহার ঘরে
খুজে পাবি হোথা ।

পাখী সব করে রব রাতি পোহালো

জেল থেকে সব পাখী ঘরেতে ফিরিলো ।
কাননে কুসুম কলি সকলি ফুটিল
বিচারের প্রহসন বঙ্গে ঘটিল ।
বলছে রাজার ঘড়ি টিক টিক টিক
এর চেয়ে ভালো কিছু করাটাকি ঠিক ?

১৫ সেপ্টেম্বর ২০০৮